গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নং প্রাশিঅ/নিয়োগ/০৪/স:শি:নি:/০৯/৬৮৪ তারিখঃ ৩১ বৈশাখ ১৪১৬ / ১৪ মে ২০০৯

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের 'সহকারী শিক্ষক' ('রাজস্ব' ও 'পিইডিপি ২-এর আওতায় রাজস্ব খাতে সৃষ্ট')-এর শূন্য পদসমূহে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত বেতনস্কেলে নিয়োগের জন্য পার্বত্য তিন জেলা রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ব্যতীত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে ১৫ নং ক্রমিকে উল্লিখিত আবেদনপত্রের নমুনা ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নাম	বেতনক্রম	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
সহকারী শিক্ষক	ক) প্রশিক্ষণপ্রাপ্ত টাকা ৩১০০-১৭০x৭-৪২৯০-ইবি-১৯০x১১-৬৩৮০ (জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী) খ) প্রশিক্ষণবিহীন টাকা ৩০০০-১৫০x৭-৪০৫০-ইবি-১৭০x১১-৫৯২০ (জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী)	১৮ থেকে ৩০ বৎসর	পুরুষ প্রার্থীদের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে সার্টিফিকেট-ইন-এডুকেশন বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষাসমূহের যে কোন একটি পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি। মহিলা প্রার্থীদের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ/ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। অথবা কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ/ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

২। দরখাস্তকারী যে উপজেলা/থানার স্থায়ী বাসিন্দা তাঁর প্রার্থিতা উক্ত উপজেলা/থানার জন্য বা অনুকূলে নির্ধারিত থাকতে এবং তাঁর নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদনুযায়ী নিয়ন্ত্রিত হবে।

৩। প্রচলিত কোটানীতি অনুসরণপূর্বক মেধাক্রমানুসারে (উপজেলা/থানাওয়ারী) যথাক্রমে 'রাজস্ব' ও 'পিইডিপি ২-এর আওতায় রাজস্ব খাতে সৃষ্ট' সহকারী শিক্ষকের বিদ্যমান শূন্য পদসমূহে নিয়োগের নিমিত্ত চূড়ান্ত প্রার্থী তালিকা প্রস্তুত করে উক্ত ক্রমানুসারে আলাদা আলাদাভাবে নিয়োগদানের ব্যবস্থা নেয়া হবে।

৪। বিবাহিতা প্রার্থীগণ দরখাস্তে তাঁদের স্বামী অথবা পিতার স্থায়ী ঠিকানা উল্লেখ করে দরখাস্ত করতে পারবেন। তবে এ দু'টি স্থায়ী ঠিকানার মধ্যে তিনি যেটি দরখাস্তে উল্লেখ করবেন তাঁর প্রার্থিতা সেই উপজেলা/থানার কোটায় বিবেচিত হবে।

৫। দরখাস্তকারীকে ১৫ নং ক্রমিকে বর্ণিত দরখাস্ত ও প্রবেশপত্রের নমুনা ফরম প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dpe.gov.bd থেকে ডাউনলোড করে অথবা A4 সাইজের কাগজে একইভাবে কম্পিউটার কম্পোজ করে সংশ্লিষ্ট জেলার "জেলা প্রাথমিক শিক্ষা অফিসার" বরাবর ২ (দুই) কপি দরখাস্ত ও ১ (এক) কপি প্রবেশপত্র (মূল ও ডুপ্লিকেট অংশ) স্বহস্তে পূরণ করে সংশ্লিষ্ট জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর ডাকযোগে আগামী **৩০ জুন ২০০৯** তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি (হাতে-হাতে) কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়সীমার পর প্রাপ্ত দরখাস্তসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। একটি খামে একটিমাত্র আবেদনপত্র জমা দিতে হবে। এক খামে একাধিক আবেদনপত্র পাওয়া গেলে খামের ভিতরের সকল আবেদনপত্রই সরাসরি বাতিল বলে গণ্য হবে। একাধিক আবেদনপত্র বা আবেদন সংবলিত খাম একসঙ্গে স্টিচ করে বা বেঁধে জমা দেয়া যাবে না।

৭। দু'টি দরখাস্তের একটির শীর্ষে 'মূল কপি' এবং অপরটির শীর্ষে 'ডুপ্লিকেট কপি' লাল কালিতে স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৮। চাকুরীরত প্রার্থীকে উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। দরখাস্তের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৯। কোন প্রার্থী সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিস ব্যতীত অন্য কোনো অফিসে দরখাস্ত প্রেরণ করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। প্রার্থীকে খামের উপর উপজেলা/থানার নাম ও **বিশেষ কোটার** নাম উল্লেখ করতে হবে। এছাড়াও দরখাস্তে উল্লিখিত বিশেষ কোটার ঘরে বিশেষ কোটা উল্লেখ করতে হবে।

১১। প্রার্থীকে পরীক্ষার ফিস বাবদ ৭৫/- (পঁচাত্তর) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারি চালান মূলে কোড নং ১-২৪৩১-০০০০-২০৩১-তে জমা দিয়ে চালানের মূলকপি দরখাস্তের মূলকপির সঙ্গে অবশ্যই সংযুক্ত করতে হবে।

১২। ১৪ মে ২০০৯ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট কোনক্রমেই গ্রহণযোগ্য নয়

১৩। নির্ধারিত দরখাস্ত ফরম ও প্রবেশপত্র প্রার্থীকে অবশ্যই স্বহস্তে পূরণ করতে হবে। টাইপকৃত, কম্পিউটারে মুদ্রিত বা অন্য কোনোভাবে লিখিত এবং অসত্য/ভুয়া তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তাঁর দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা যাবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তাঁর বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৪। মূল দরখাস্তের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্রাদির অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে:
(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ০৪ (চার) কপি রঙিন ছবি (অভিন্ন)। মূল ও ডুপ্লিকেট আবেদনপত্রে ১টি করে এবং প্রবেশপত্রের উভয় অংশে ১টি করে মোট ০৪ (চার)টি ছবিই আঠা দিয়ে লাগাতে হবে;
(খ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সংক্রান্ত সনদপত্র;
(ঘ) মুক্তিযোদ্ধার সন্তান কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতার সনদপত্র;
(ঙ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক/সম্বন্ধ উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের প্রত্যয়নপত্র;
(চ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ছ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(জ) পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক সদ্য (১৪ মে ২০০৯ তারিখের আগে স্বাক্ষরিত নয়) প্রদত্ত পোষ্য সনদপত্র;
(ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা আনসার অ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র;
(ঞ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;

১৫। প্রার্থীকে নিম্নবর্ণিত দরখাস্ত ও প্রবেশপত্রের নমুনা ফরম প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.dpe.gov.bd থেকে ডাউনলোড করে অথবা A4 সাইজের কাগজে একইভাবে কম্পিউটার কম্পোজ করে স্বহস্তে পূরণপূর্বক আবেদন করতে হবে:

অফিস কর্তৃক পূরনীয়
রোল নম্বর............

এখানে এককপি ছবি
আঠা দিয়ে লাগাতে হবে

'সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ ২০০৯'-এর আবেদন ফরম
(প্রার্থী স্বহস্তে পূরণ করবেন)

বরাবর: জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ... জেলা
(১) পদের নাম............................
(২) প্রার্থীর পূর্ণ নাম (এসএসসি সনদ অনুযায়ী):
(ক) বাংলায়............................
(খ) ইংরেজিতে (বড় অক্ষরে): ....
(৩) পিতা/স্বামীর নাম: ....
(৪) মাতার নাম: ....
(৫) প্রার্থীর স্থায়ী ঠিকানা গ্রাম/মহল্লা .... ডাকঘর ....
উপজেলা/থানা .... জেলা ....
(৬) পত্র যোগাযোগের ঠিকানা: ....
(৭) জন্ম তারিখ (এসএসসি সনদ অনুযায়ী): ....
(৮) বয়স (১৪ মে ২০০৯ তারিখে): .... বৎসর .... মাস .... দিন
(৯) মহিলা/পুরুষ (লিখুন): ....
(১০) বৈবাহিক অবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে '√' চিহ্ন দিন) বিবাহিত/অবিবাহিত/ বিধবা/ তালাকপ্রাপ্তা/বিপত্নীক
(১১) বিশেষ কোটা (লিখুন): ....
(১২) প্রার্থী পোষ্য হলে--
(ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যে শিক্ষকের পোষ্য তাঁর নাম: ....
(খ) উক্ত শিক্ষকের সর্বশেষ কর্মস্থল: ....
(গ) প্রার্থীর সঙ্গে উক্ত শিক্ষকের সম্পর্ক/সম্বন্ধ: ....
(১৩) প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান হলে--
(ক) মুক্তিযোদ্ধার নাম ....
(খ) মুক্তিযোদ্ধার পূর্ণ ঠিকানা............................
(১৪) শিক্ষাগত যোগ্যতা (এসএসসি ও তৎপরবর্তী প্রযোজ্য সকল পরীক্ষা পাস সংক্রান্ত):

ক্রমিক নং	পরীক্ষার নাম	বিভাগ/জিপিএ	পাসের বছর	বোর্ড/বিশ্ববিদ্যালয়
১				
২				
৩				
৪				
৫				

(১৫) শিক্ষকতায় অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে): ....
(১৬) প্রশিক্ষণের নাম ও বিবরণ (যদি থাকে): ....
(১৭) ট্রেজারি চালান নং .... তারিখ............
ব্যাংকের নাম ও ঠিকানা: ....

এতদ্বারা আমি শপথপূর্বক ঘোষণা করছি যে, আমার নিজ হাতে লিখিত এ আবেদনপত্রের সকল বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

প্রার্থীর স্বাক্ষর: ....
প্রার্থীর পূর্ণ নাম: ....
তারিখ: ....

আবেদনপত্রের সাথে প্রেরিত কাগজ পত্রাদির বিবরণ:

জেলা প্রাথমিক শিক্ষা অফিস
জেলা: ....

এখানে এককপি ছবি আঠা
দিয়ে লাগাতে হবে

প্রবেশপত্র (মূল)

'সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ ২০০৯'-এর নির্বাচনী পরীক্ষা
(অফিস কর্তৃক পূরণীয়)

১. পদের নাম: সহকারী শিক্ষক রোল নম্বর............
২. (ক) পরীক্ষার তারিখ: .... সময়: ....
(খ) কেন্দ্র: ....

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

৩. (ক) প্রার্থীর নাম: ....
(খ) পিতার/স্বামীর নাম: ....
৪. প্রার্থীর যোগাযোগের ঠিকানা: গ্রাম/মহল্লা: ....
ডাকঘর: .... পোস্ট কোড: ....
উপজেলা/থানা: .... জেলা: ....
৫. প্রার্থীর স্থায়ী উপজেলা/থানার নাম: ....

.... আবেদনকারীর স্বাক্ষর

.... জেলা পরীক্ষা পরিচালনা কমিটির পক্ষে
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের স্বাক্ষর ও সীল

বিঃ দ্রঃ প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ-ডিএ প্রদান করা হবে না। পরীক্ষা প্রদানের নির্দেশাবলী নিম্নে সংযুক্ত করা হলো। প্রার্থীকে অবশ্যই নির্দেশাবলী পড়তে হবে।

✂ ....

জেলা প্রাথমিক শিক্ষা অফিস
জেলা: ....

এখানে এককপি ছবি আঠা
দিয়ে লাগাতে হবে

প্রবেশপত্র (ডুপ্লিকেট)

'সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ ২০০৯' এর নির্বাচনী পরীক্ষা
(অফিস কর্তৃক পূরণীয়)

১. পদের নাম: সহকারী শিক্ষক রোল নম্বর ....
২. (ক) পরীক্ষার তারিখ: .... সময়: ....
(গ) কেন্দ্র: ....

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

৩. (ক) প্রার্থীর নাম: ....
(খ) পিতার/স্বামীর নাম ....
৪. প্রার্থীর যোগাযোগের ঠিকানা: গ্রাম/মহল্লা: ....
ডাকঘর: .... পোস্ট কোড: ....
উপজেলা/থানা .... জেলা ....
৫. প্রার্থীর স্থায়ী উপজেলা/থানার নাম: ....

.... আবেদনকারীর স্বাক্ষর

.... জেলা পরীক্ষা পরিচালনা কমিটির পক্ষে
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের স্বাক্ষর ও সীল

বিঃ দ্রঃ প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। এই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ-ডিএ প্রদান করা হবে না। পরীক্ষা প্রদানের নির্দেশাবলী নিম্নে সংযুক্ত করা হলো। প্রার্থীকে অব্যশই নির্দেশাবলী পড়তে হবে।

১৬। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের সংশ্লিষ্ট জেলায় নির্ধারিত পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুমতি দেয়া হবে। সেজন্য যথাসময়ে প্রবেশপত্র ইস্যু করা হবে। তবে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ-ডিএ প্রদান করার হবে না। দরখাস্তের সঙ্গে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরতযোগ্য নয়।

১৭। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন 'সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ বিধিমালা ১৯৯১'-এ বর্ণিত নিয়মানুযায়ী মেধা ও কোটা অনুসারে নিয়োগ দেয়া হবে। সে অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে যে উপজেলা/থানায় নিয়োগ দেয়া হবে তাঁকে আবশ্যিকভাবে সে উপজেলা/থানায় চাকুরী করতে হবে। তবে স্বামী-স্ত্রী উভয়ে চাকুরীরত হলে সেক্ষেত্রে এ নিয়ম শিথিলযোগ্য।

১৮। 'পোষ্য' অর্থ কোন পদে নিয়োজিত আছেন বা ছিলেন এমন শিক্ষকের অবিবাহিত সন্তান, যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল আছেন বা তিনি জীবিত থাকতে বা চাকুরীতে থাকলে সম্পূর্ণরূপে নির্ভরশীল থাকতেন এবং উক্ত শিক্ষকের তালাকপ্রাপ্তা বা বিধবা স্ত্রী বা বিপত্নীক স্বামী (যেক্ষেত্রে যেটি প্রযোজ্য) যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল ছিলেন বা ক্ষেত্রমত তিনি জীবিত থাকলে অনুরূপভাবে নির্ভরশীল থাকতেন। মৌখিক পরীক্ষার সময় পোষ্য প্রার্থীদেরকে দরখাস্ত গ্রহণের শেষ তারিখ অর্থাৎ ৩০ জুন ২০০৯ তারিখ পর্যন্ত তিনি পোষ্য ছিলেন মর্মে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। উল্লিখিত সনদ দাখিল করতে কোন প্রার্থী ব্যর্থ হলে তিনি পোষ্য কোটার পরিবর্তে সাধারণ কোটায় গণ্য হবেন।

১৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

শ্যামল কান্তি ঘোষ
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা

জিডি-২৫২০

বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রধান কার্যালয়, কুমিল্লা

গ্যাস সরবরাহ সাময়িক বন্ধ রাখা প্রসংগে জরুরি বিজ্ঞপ্তি

চট্টগ্রাম পোর্ট ট্রেড ফ্যাসিলিটেশন প্রকল্পের অধীনে নির্মাণাধীন ফ্লাইওভার এলাইনমেন্ট বরাবর মহেশ খালে স্থাপিত গ্যাস পাইপ লাইন অপসারণ/পুনঃ নির্মাণ কাজের প্রয়োজনে আগামী ২১-৫-২০০৯ইং তারিখ বৃহস্পতিবার রাত ৮.০০ ঘটিকা হতে ২২-৫-২০০৯ইং তারিখ শুক্রবার সকাল ৮.০০ ঘটিকা পর্যন্ত চট্টগ্রাম মহানগরীর নিম্নবর্ণিত এলাকাসমূহের গ্যাস সরবরাহ সাময়িকভাবে বন্ধ থাকবেঃ

ঢাকা ট্রাঙ্ক রোড, স্ট্র্যান্ড রোড, পোর্ট অফিসার্স কলোনী, সদর ঘাট, মাঝির ঘাট, ফিরিঙ্গি বাজার, পূর্ব মাদারবাড়ী, পশ্চিম মাদারবাড়ী, আগ্রাবাদ, নিমতলা, গোসাইল ডাঙ্গা ও তৎসংলগ্ন এলাকা।

বর্ণিত কাজের জন্য ন্যূনতম প্রয়োজনীয় সময় বিবেচনায় রেখে উপরোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

গ্রাহকবৃন্দের প্রতি বিশেষ পরামর্শ

- নিরাপত্তার স্বার্থে গ্যাস সরবরাহ বন্ধ থাকাকালে চুলা/গ্যাস সরঞ্জাম বন্ধ রাখতে এবং গ্যাস সরবরাহ পুনরায় শুরু হলে চুলা/গ্যাস সরঞ্জামে পর্যাপ্ত বায়ু চলাচলের পর গ্যাস সরঞ্জাম চালু করতে গ্রাহকগণকে অনুরোধ জানানো যাচ্ছে।
- জরুরি প্রয়োজনে নিম্মোক্ত টেলিফোনে যোগাযোগ করার জন্য অনুরোধ করা গেল।

➢ জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্র	ঃ	৬৫৫৭৯৬ (দিবারাত্রি)
➢ উপ-মহাব্যবস্থাপক (বিতরণ)	ঃ	০১৭১১-৮১৯৩১৩
➢ মহাব্যবস্থাপক (বিপণন)	ঃ	০১৭১১-৮১৯৩০৬

সম্মানিত গ্রাহকবৃন্দের সাময়িক অসুবিধার জন্য কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত।

গ্যাস অফুরন্ত নয়। গ্যাসের চুলা কাজ শেষে নিভিয়ে রাখুন।

বিজি/৯৩৬ মে, ২০০৯
জিডি-২৫৪৬

কর্তৃপক্ষ

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

Support for Development of Public Sector use of ICT under EMTAP
(বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)
বিসিসি ভবন, প্লট # ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন ঃ ৮১৪৪৭৮৫ ফ্যাক্স ঃ ৮৮-০২-৯১২৪৬২৬, ই-মেইলঃ emtap@bcc.net.bd Web : www.bcc.net.bd

স্মারক নং-বিসিসি/এমটেপ-০৫/২০০৬-৮৭৭ তারিখ ঃ ১৭/০৫/২০০৯

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন "Support for Development of Public Sector use of ICT under EMTAP" উন্নয়ন **প্রকল্প চলাকালীন সময়ের জন্য** সরকার নির্ধারিত সর্বসাকুল্য বেতনে নিম্নলিখিত শূণ্যপদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে পূর্ণ জীবন-বৃত্তান্তসহ দরখাস্ত আহ্বান করা হচ্ছে ঃ

পদের নাম	পদ সংখ্যা	বয়স (বৎসর)	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
সিস্টেমস এনালিস্ট (সিস্টেমস এবং প্রশিক্ষণ)	১	অনুর্ধ ৪০ বৎসর	সর্বসাকুল্য বেতন ঃ ২১,১২৫/-	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক ও ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ডিগ্রী উত্তীর্ণ। খ) সফটওয়্যার এনালিসিস, ডেভলপমেন্ট, নেটওয়ার্ক স্থাপন ইত্যাদিসহ প্রোগ্রামার হিসেবে যে কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ বৎসরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।
কম্পিউটার অপারেটর	২	অনুর্ধ ৩০ বৎসর	সর্বসাকুল্য বেতন ঃ ৭,৩৬০/-	ক) নূন্যতম স্নাতক ডিগ্রী (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার পাবে) উত্তীর্ণ। খ) কম্পিউটার ব্যবহারে পর্যাপ্ত দক্ষতা এবং এমএস অফিস প্রোগ্রামে (বাংলা ও ইংরেজী উভয় ক্ষেত্রে) দক্ষতা থাকতে হবে। গ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। ঘ) প্রার্থীকে মানসম্পন্ন এপটিচিউড টেষ্টে অবশ্যই উত্তীর্ণ হতে হবে।

আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, জাতীয়তা ও অভিজ্ঞতার বিবরণসহ আবেদনপত্র আগামী **১১ জুন ২০০৯** তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। খামের উপর প্রকল্পের নাম (Support for Development of Public Sector use of ICT under EMTAP) এবং পদের নাম উল্লেখ করতে হবে। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত পেশ করতে হবে।

বিঃ দ্রঃ ভুয়া শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সার্টিফিকেট প্রদানকারী কিংবা আবেদনপত্রে কোন প্রকার অনিয়ম সংঘটনকারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে কোন প্রকার প্রভাব সৃষ্টি অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(তারেক মোসাদ্দেক বরকতউল্লাহ)
প্রকল্প পরিচালক

GD-2563

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
অধিশাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-পিটি/শাখা-২/২এ-২৯/২০০৮-১৭১ ০৯ চৈত্র ১৪১৫/২৩ মার্চ ২০০৯

২য় কারণ দর্শানো নোটিশ

আপনি জনাব মোহাম্মদ মাসুদুল ইসলাম চৌধুরী, সহকারী বিভাগীয় প্রকৌশলীকে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের ০৫/০৮/২০০৭ তারিখের স্মারক নং-পিটি/শাখা-১/এফএস-০২/২০০৫-১২৩৫ মূলে জাপানে ১ (এক) বছর মেয়াদী "Master's Degree Program E-Business Management" এ অংশগ্রহণের অনুমতি প্রদান করা হয়। আপনি ০৯/০৯/২০০৭ তারিখ পূর্বাহ্নে বিলুপ্ত বিটিটিবির (বর্তমানে বিটিসিএল) চাকরি হতে বিমুক্ত হন। "Master's Degree Program E-Business Management" এ অংশগ্রহণ শেষে দেশে প্রত্যাবর্তন করে ২৯/০৭/২০০৮ তারিখে চাকরিতে যোগদান করায় আপনাকে একই তারিখে উপ-বিভাগীয় প্রকৌশলী, ফোন্স (অভ্যঃ), দেখাশুনা, রাজশাহী পদে পদস্থাপন করা হয়। কিন্তু আপনি পদস্থাপিত পদে যোগদান কিংবা কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ না করে অধ্যাবধি বিনানুমতিতে নিজ কর্মে অনুপস্থিত রয়েছেন;

২। যেহেতু আপনার এহেন আচরণ কর্তৃপক্ষের আদেশ অবজ্ঞাকরণ ও কর্তব্যে চরম অবহেলা বিধায় সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক কর্তৃপক্ষের বিনানুমতিতে নিজ কর্মে অনুপস্থিত থাকার দায়ে অভিযুক্ত করে অত্র মন্ত্রণালয়ের ১৭/০২/২০০৯ তারিখের স্মারক নং-পিটি/শাখা-২/২এ-২৯/২০০৮-৯৭ মূলে অভিযোগনামা জারিপূর্বক ৫ (পাঁচ)টি কার্যদিবসের মধ্যে কৈফিয়ত তলব করা হয়;

৩। যেহেতু আপনি ২০/০২/২০০৯ তারিখের অভিযোগনামার জবাব দাখিল করেছেন। আপনার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আপনাকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারামতে অনতিবিলম্বে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) শাস্তি প্রদান করা হবে;

৪। এক্ষণে সেহেতু, আপনি জনাব মোহাম্মদ মাসুদুল ইসলাম চৌধুরী, উপ-বিভাগীয় প্রকৌশলী (দেখাশুনা) কে কেন অনতিবিলম্বে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from Service) শাস্তি প্রদান করা হবে না-- তা সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) মোতাবেক অত্র নোটিশ জারির তারিখ হতে ৩ (তিন)টি কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় দন্ড আরোপের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সুনীল কান্তি বোস
সচিব

জনাব মোহাম্মদ মাসুদুল ইসলাম চৌধুরী
সহকারী বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল,
ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ
প্রযত্নে-জনাব মহসিনুল আলম চৌধুরী
সেলিনা ভিলা (৩য় তলা), বাড়ী নং ২
সড়ক নং ২/বি, সেক্টর নং ৫, উত্তরা, ঢাকা-১২৩০।

Present Address:
Md Masudul Islam Chowdhury
Room No: 410, SD-3
International University of Japan
777 Kokusai-cho, Minami
Uonuma-shi
Niigata 949-7277
Japan

জিডি-২৪৫৫

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/১২০৯ তারিখঃ ১২/০৫/০৯ইং

বিষয়ঃ অভিযোগনামা

যেহেতু আপনি ড. মোঃ রায়হান শরীফ বিশ্ববিদ্যালয়ের তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের সহকারী অধ্যাপক পদে চাকুরীরত অবস্থায় বিগত ১৮/৫/০৮ইং হইতে অননুমোদিতভাবে বিশ্ববিদ্যালয়ের নিজ কর্মস্থলে অনুপস্থিত রহিয়াছেন।

(২) পরবর্তীতে আপনাকে কর্মস্থলে যোগদানের জন্য ০১/৬/০৮ইং তারিখে আপনার স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে টেলিগ্রাম প্রেরণ করা হয়। কিন্তু ইহাতে কোন সাড়া পাওয়া যায় নাই।

(৩) পরবর্তীতে ১৪/৭/০৮ইং তারিখ পুনরায় কর্মস্থলে যোগদানের জন্য আপনার স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রটি ফেরত আসে এবং খামের পিছনে ডাক পিওন লাল কালিতে লিখিয়াছেন "প্রাপক বর্তমানে বিদেশে অবস্থান করেন, এইজন্য পত্র ফেরত"।

(৪) পরবর্তীতে ১৮/৮/০৮ইং তারিখ আপনার চাকুরী হইতে অব্যাহতির আবেদন পাওয়া যায়, যাহা ১৮/৯/০৮ইং তারিখ বিভাগীয় প্রদান বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অগ্রায়ন করেন।

(৫) আপনার উচ্চ শিক্ষার্থে বিশ্ববিদ্যালয়ে সার্ভিস বন্ড থাকায় এবং উক্ত বন্ডের মেয়াদ শেষ না হওয়ায় নিয়মানুযায়ী অব্যাহতি পাওয়ার জন্য বন্ডমানি বাবদ বিশ্ববিদ্যালয়ের পাওনা ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ও এক মাসের বেতন ভাতাদি ও ক্লিয়ারেন্স দাখিলের জন্য ২৮/১০/০৮ইং তারিখের স্মারক নং ঢাপ্রপ্রবি/১পি-৩১২/৯৮/২৬২৯ মোতাবেক স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের কোন জবাব পাওয়া যায় নাই।

(৬) ২২/১২/০৮ইং তারিখের স্মারক নং ঢাপ্রপ্রবি/১পি-৩১২/৯৮/৩০৩৯ মোতাবেক ২৮/১০/০৮ইং তারিখে প্রেরিত পত্রের তাগিদপত্র প্রেরণ করা হয়। পত্রটি ফেরত আসে এবং খামের পিছনে ডাক পিওন লিখিয়াছেন "প্রাপক বর্তমানে বাড়িতে না থাকায় পত্রখানা ফেরত।"

(৭) আপনার পদত্যাগ পত্র দাখিল এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি সিদ্ধান্তের জন্য গত ১৫/৩/০৯ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৩তম সভায় পেশ করা হইলে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

(১) বিশ্ববিদ্যালয়ের তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ রায়হান শরীফের পদত্যাগের আবেদন গ্রহণযোগ্য নয়। তাহাকে অনতিবিলম্বে বিশ্ববিদ্যালয়ে যোগদান করিতে বলা হউক।

(২) তিনি পদত্যাগ করিতে চাহিলে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী তাহাকে কর্মস্থলে যোগদানপূর্বক পদত্যাগ পত্র দাখিল করিতে হইবে এবং নিয়মানুযায়ী সার্ভিস বন্ড বাবদ বিশ্ববিদ্যালয়ের পাওনা টাকা, ক্লিয়ারেন্স ও অন্যান্য পাওনাদি পরিশোধ করিয়া তাহাকে ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।"

(৮) সিন্ডিকেটের উপরোক্ত সিদ্ধান্ত অবহিত করিয়া স্মারক নং-ঢাপ্রপ্রবি/৭৭৪, তারিখঃ ৩০/৩/০৯ইং এর মাধ্যমে রেজিস্টার্ড ডাকযোগে আপনার স্থায়ী ঠিকানায় পত্র প্রেরণ করিলে উহা ফেরত আসে এবং খামের পিছনে পোষ্টম্যান নিম্নরূপ মন্তব্য লিখেন।

"প্রাপক বর্তমানে বাড়িতে না থাকায় পত্রখানা ফেরত।"

(৯) এমতাবস্থায় আপনার বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে সিদ্ধান্তের জন্য পুনরায় ২৯/৪/০৯ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৪তম সভায় পেশ করা হইলে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

"তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ রায়হান শরীফ এর অননুমোদিতভাবে বিশ্ববিদ্যালয়ের কর্মস্থলে অনুপস্থিত থাকার জন্য তাহার বিরুদ্ধে সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালা ১৯৮৫ অনুযায়ী অভিযোগনামা (চার্জসীট) দায়ের সহ পত্রিকায় কারণ দর্শাও নোটিশ জারী করা হউক।"

এমতাবস্থায় আপনার উপরোক্ত অননুমোদিত অনুপস্থিতি ও কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এবং সরকারি কর্মচারী (বিশেষ বিধান) ১৯৭৯ অধ্যাদেশের আলোকে আপনার বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে না, তাহার জবাব এই নোটিশ প্রাপ্তির ১০(দশ)টি কার্য দিবসের মধ্যে লিখিতভাবে অত্র বিশ্ববিদ্যালয়ে জানানোর জন্য নির্দেশ দেওয়া হইল। আপনি ব্যক্তিগত সাক্ষাতে কোন কিছু জ্ঞাত করিতে চাহেন কিনা তাহাও জবাবে উল্লেখ করিবেন। আপনার জবাব পাওয়া না গেলে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) ১৯৭৯ অধ্যাদেশের আলোকে অথবা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

স্থায়ী ঠিকানাঃ
ড. মোঃ রায়হান শরীফ
পিতা- জনাব মোঃ কফিল উদ্দিন
মমতা ভিলা
গ্রাম-কলশা (রথবাড়ী),
পোঃ-সান্তাহার-৫৮৯১
জেলা-বগুড়া

প্রাপক,
ড. মোঃ রাহান শরীফ
সহকারী অধ্যাপক, তড়িৎ ও
ইলেকট্রনিক কৌশল বিভাগ
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০০।
বর্তমান ঠিকানাঃ অজ্ঞাত

অভিযোগের বিবরণী

ড. মোঃ রায়হান শরীফ, সহকারী অধ্যাপক, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ, আপনি অননুমোদিতভাবে ১৮/৫/০৮ইং হইতে বিশ্ববিদ্যালয়ের কাজে অনুপস্থিত রহিয়াছেন। তাহা ছাড়া উর্দ্ধতন কর্তৃপক্ষের আইনসঙ্গত আদেশ অমান্যকরণ ও কর্তব্যকাজে যোগদানে চরম অবহেলা প্রদর্শন করিয়াছেন. বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(ডি) ধারা এবং সরকারি কর্মচারী (বিশেষ বিধান) ১৯৭৯ অধ্যাদেশ এর ৩ (বি) বিধি অনুযায়ী আপনাকে অভিযুক্ত করা হইল।

মোঃ আলিম দাদ
রেজিস্ট্রার

জিডি-২৪৭৬